# দম্ভ করো না, আল্লাহর দাম্ভিকদের পছন্দ করেন না। - কারূনের ঘটনা

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।

বিসমিল্লাহির রহমানির রহিম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে **"দম্ভ করো না, আল্লাহর দাম্ভিকদের পছন্দ করেন না। - কারূনের ঘটনা"**।

বাইবেল ও তালমূদে কারূনকে কোরহ (Korah) বলে উল্লেখ করা হয়েছে। সে ছিল মুসা আ: এর চাচাত ভাই।

কোরআন মজীদে বলা হয়েছে, কারূন বনি ইসরাইলের অন্তর্ভুক্ত হওয়া সত্ত্বেও, সে ফেরাউনের সাথে হাত মিলিয়েছিল এবং সরকারের আনুকূল্যে বিপুল সম্পদের মালিক হয়েছিল। সে ফেরাউনের নৈকট্য লাভের জন্য মুসা আ: এর দাওয়াতের বিরোধিতায় অগ্রগণ্য ছিল। আল্লাহ কারূনকে এমন ধনভান্ডার দিয়েছিলেন, যার চাবিগুলো বহন করা একদল শক্তিশালী লোকের পক্ষেও ছিল কষ্টসাধ্য।

**পবিত্র কোরআনুল কারীমে আল্লাহ তা'য়লা ইরশাদ করেন:**

**১। কারূনের কওম (বনি ইসরাইল) কারূনকে বলেছিল, "দম্ভ করো না, আল্লাহ দাম্ভিকদের পছন্দ করেন না।"**

إِنَّ قَارُونَ كَانَ مِن قَوْمِ مُوسَىٰ فَبَغَىٰ عَلَيْهِمْ وَآتَيْنَاهُ مِنَ الْكُنُوزِ مَا إِنَّ مَفَاتِحَهُ لَتَنُوءُ بِالْعُصْبَةِ أُولِي الْقُوَّةِ إِذْ قَالَ لَهُ قَوْمُهُ لَا تَفْرَحْ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْفَرِحِينَ ﴿٧٦﴾

কারূন ছিল মূসার সম্প্রদায়ভুক্ত, কিন্তু সে তাহাদের প্রতি ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিল । আমি তাহাকে দান করিয়াছিলাম এমন ধনভাণ্ডার যাহার চাবিগুলি বহন করা একদল বলবান লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল । স্মরণ কর, তাহার সম্প্রদায় তাহাকে বলিয়াছিল, 'দম্ভ করিও না, নিশ্চয় আল্লাহ্ দাম্ভিকদেরকে পছন্দ করেন না । সূরা আল কাছাছ ২৮ঃ ৭৬

**২। আল্লাহ তোমাকে যে ধন সম্পদ দিয়েছেন, তা দিয়ে মানুষের প্রতি ইহসান করো।**

وَابْتَغِ فِيمَا آتَاكَ اللَّهُ الدَّارَ الْآخِرَةَ وَلَا تَنسَ نَصِيبَكَ مِنَ الدُّنْيَا وَأَحْسِن كَمَا أَحْسَنَ اللَّهُ إِلَيْكَ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْأَرْضِ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُفْسِدِينَ ﴿٧٧﴾

'আল্লাহ্ যাহা তোমাকে দিয়াছেন তদ্দ্বারা আখিরাতের আবাস অনুসন্ধান কর এবং দুনিয়া হইতে তোমার অংশ ভুলিও না; তুমি অনুগ্রহ কর যেমন আল্লাহ্ তোমার প্রতি অনুগ্রহ করিয়াছেন এবং পৃথিবীতে



To learn more click here

বিপর্যয় সৃষ্টি করিতে চাহিও না । আল্লাহ্ বিপর্যয় সৃষ্টিকারীকে ভালবাসেন না ।' সূরা আল কাছাছ ২৮ঃ ৭৭

**৩। <u>সে (কারূন) বললো (দম্ভকরে), এসব সম্পদ আমি লাভ করেছি আমার বিশেষ জ্ঞানের মাধ্যমে।</u>**

قَالَ إِنَّمَآ أُوتِيتُهُ عَلَىٰ عِلْمٍ عِندِيٓ أَوَلَمْ يَعْلَمْ أَنَّ اَللهَ قَدْ أَهْلَكَ مِن قَبْلِهِ مِنَ اَلْقُرُونِ مَنْ هُوَ أَشَدُّ مِنْهُ قُوَّةً وَأَكْثَرُ جَمْعاً وَلاَ يُسْـَٔلُ عَن ذُنُوبِهِمُ اَلْمُجْرِمُونَ ﴿٧٨﴾

সে বলিল, 'এই সম্পদ আমি আমার জ্ঞানবলে প্রাপ্ত হইয়াছি ।' সে কি জানিত না আল্লাহ্ তাহার পূর্বে ধ্বংস করিয়াছেন বহু মানবগোষ্ঠীকে যাহারা তাহা অপেক্ষা শক্তিতে ছিল প্রবল, জনসংখ্যায় ছিল অধিক ? অপরাধীদেরকে উহাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করা হইবে না । সূরা আল কাছাছ ২৮ঃ ৭৮

**৪। <u>যারা দুনিয়ায় হায়াতটাকেই প্রাধান্য দিতো, তারা (কারূনের শান শোকত দেখে) বলেছিল, হায়! আমাদেরকেও যদি কারূনের মতো সম্পদ দেয়া হতো।</u>**

فَخَرَجَ عَلَىٰ قَوْمِهِ فِى زِينَتِهِ قَالَ اَلَّذِينَ يُرِيدُونَ اَلْحَيَاةَ اَلدُّنْيَا يٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ أُوتِىَ قَارُونُ إِنَّهُ لَذُو حَظٍّ عَظِيمٍ ﴿٧٩﴾

কারূন তাহার সম্প্রদায়ের সম্মুখে উপস্থিত হইয়াছিল জাঁকজমকসহকারে । যাহারা পার্থিব জীবন কামনা করিত তাহারা বলিল, 'আহা, কারূনকে যেইরূপ দেওয়া হইয়াছে আমাদেরকেও যদি তাহা দেওয়া হইত । প্রকৃতই সে মহাভাগ্যবান ।' সূরা আল কাছাছ ২৮ঃ ৭৯

**৫। <u>যাদেরকে (দ্বীনের) এলেম দেয়া হয়েছিল, তারা বললো আল্লাহর সওয়াবই (পুরষ্কার) উত্তম। তা কেবল সবরকারীরাই লাভ করবে।</u>**

وَقَالَ اَلَّذِينَ أُوتُواْ اَلْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اَللهِ خَيْرٌ لِّمَنْ آمَنَ وَعَمِلَ صَالِحاً وَلاَ يُلَقَّاهَآ إِلاَّ اَلصَّابِرُونَ ﴿٨٠﴾

এবং যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছিল তাহারা বলিল, 'ধিক তোমাদেরকে! যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আল্লাহ্র পুরস্কারই শ্রেষ্ঠ এবং ধৈর্যশীল ব্যতীত ইহা কেহ পাইবে না ।' সূরা আল কাছাছ ২৮ঃ ৮০



To learn more click here

**৬।  আমরা তাকে (কারূনকে) তার ঘরবাড়ি ও প্রাসাদ -অট্টালিকাসহ দাবিয়ে দিয়েছি মাটির নিচে।**

فَخَسَفْنَا بِهِ وَبِدَارِهِ ٱلْأَرْضَ فَمَا كَانَ لَهُ مِن فِئَةٍ يَنصُرُونَهُ مِن دُونِ ٱللَّهِ وَمَا كَانَ مِنَ ٱلْمُنتَصِرِينَ ﴿٨١﴾

অতঃপর আমি কারূনকে তাহার প্রাসাদসহ ভূগর্ভে প্রোথিত করিলাম। তাহার স্বপক্ষে এমন কোন দল ছিল না যে আল্লাহে শাস্তি হইতে তাহাকে সাহায্য করিতে পারিত এবং সে নিজেও আত্মরক্ষায় সক্ষম ছিল না। সূরা আল কাছাছ ২৮ঃ ৮১

**৭।  গতকালও যারা তার মত হওয়ার তামান্না (আকাঙ্ক্ষা) করেছিল, তারা বলতে লাগলো, যদি আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ না করতেন, তবে আমাদের সহই ধসিয়ে দিতেন। দেখলে তো, কাফিররা সাফল্য অর্জন করে না।**

وَأَصْبَحَ ٱلَّذِينَ تَمَنَّوْا۟ مَكَانَهُ بِٱلْأَمْسِ يَقُولُونَ وَيْكَأَنَّ ٱللَّهَ يَبْسُطُ ٱلرِّزْقَ لِمَن يَشَآءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَوْلَآ أَن مَّنَّ ٱللَّهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَا وَيْكَأَنَّهُ لَا يُفْلِحُ ٱلْكَافِرُونَ ﴿٨٢﴾

পূর্বদিন যাহারা তাহার মত হইবার কামনা করিয়াছিল, তাহারা বলিতে লাগিল, ‘দেখিলে তো, আল্লাহ্ তাঁহার বান্দাদের মধ্যে যাহার জন্য ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন এবং যাহার জন্য ইচ্ছা হ্রাস করেন। যদি আল্লাহ্ আমাদের প্রতি সদয় না হইতেন তবে আমাদেরকেও তিনি ভূগর্ভে প্রোথিত করিতেন। দেখিলে তো! কাফিররা সফলকাম হয় না।' সূরা আল কাছাছ ২৮ঃ ৮২

**৮।  কারূন, ফেরাউন ও হামান এদের কাছে এসেছিল মূসা সুস্পষ্ট নিদর্শনাবলী নিয়ে।**

وَقَارُونَ وَفِرْعَوْنَ وَهَامَانَ وَلَقَدْ جَآءَهُم مُّوسَىٰ بِٱلْبَيِّنَاتِ فَٱسْتَكْبَرُوا۟ فِى ٱلْأَرْضِ وَمَا كَانُوا۟ سَابِقِينَ ﴿٣٩﴾

এবং আমি সংহার করিয়াছিলাম কারূন, ফির‘আওন ও হামানকে। মূসা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসহ আসিয়াছিল ; তখন তাহারা দেশে দম্ভ করিত; কিন্তু উহারা আমার শাস্তি এড়াইতে পারে নাই। সূরা আল আনকাবুত ২৯ঃ ৩৯

**৯।  আমরা মূসাকে সুস্পষ্ট প্রমাণ সহ পাঠিয়েছিলাম ফেরাউন,হামান ও কারূনের কাছে। তারা বলেছিল, মূসা এক জাদুকর (ম্যাজিশিয়ান) কট্টর মিথ্যাবাদী।**



To learn more click here

وَلَقَدْ أَرْسَلْنَا مُوسَىٰ بِآيَاتِنَا وَسُلْطَانٍ مُّبِينٍ ﴿٢٣﴾

আমি আমার নিদর্শন ও স্পষ্ট প্রমাণসহ মূসাকে প্রেরণ করিয়াছিলাম, সূরা আল মোমেন ৪০ঃ ২৩

إِلَىٰ فِرْعَوْنَ وَهَامَانَ وَقَارُونَ فَقَالُوا سَاحِرٌ كَذَّابٌ ﴿٢٤﴾

ফিরাউন, হামান ও কারূনের নিকট কিন্তু উহারা বলিয়াছিল, ‘এই লোকটা তো এক জাদুকর, চরম মিথ্যাবাদী ।' সূরা আল মোমেন ৪০ঃ ২৪

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা! ধন-সম্পদ, ক্ষমতা, জ্ঞান-গরিমা, ইত্যাদির বড়াই আল্লাহ পছন্দ করেন না। এ সমস্তই আল্লাহর দান, তিনি যাকে ইচ্ছা দান করেন, যার কাছ থেকে ইচ্ছা ছিনিয়ে নেয়। যাকে ইচ্ছা দুনিয়ায় ধ্বংস করে দেন। আর আখেরাতের শাস্তি বড় কঠোর। সুতরাং কোন কিছুতেই আমাদের দম্ভ করা অনুচিত। আসুন, আল্লাহ আমাদের যেই অবস্থায় রেখেছেন সেই অবস্থার উপর সন্তুষ্ট থাকি। সবর অবলম্বন করি। ভালো কাজ করি। আল্লাহর এবাদত নিমগ্ন হই এবং মন্দ কাজ পরিহার করি। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।



To learn more click here